

🗏 ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬:১

💵 আরবি মূল আয়াত:



ইয়া-সীন। — আল-বায়ান

ইয়াসীন। — তাইসিরুল

ইয়া সীন। — মুজিবুর রহমান

Ya, Seen. — Sahih International

১. ইয়াসীন(১),

(১) ইয়াসীন শব্দের বিভিন্ন অর্থ করা হয়ে থাকে। তবে ইবনে আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা বলেন, এটা দ্বারা আল্লাহ্ শপথ করেছেন। আর তা আল্লাহর একটি নাম। অবশ্য ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে অন্য বর্ণনায় এসেছে, এর অর্থ: হে মানুষ। [তাবারী, বাগভী]

তাফসীরে জাকারিয়া

(১) ইয়া-সীন,[1]

[1] অনেকে এর অর্থ, 'হে ব্যক্তি! বা হে মানুষ!' বলেছেন। আবার অনেকে এটিকে নবী (সাঃ)-এর নাম এবং অনেকে আল্লাহ তাআলার সুন্দরতম নামাবলীর একটি নাম রূপে উল্লেখ করেছেন। কিন্তু এই সকল মত কোন প্রমাণ ছাড়াই পেশ করা হয়েছে। কারণ এটিও সেই 'হরুফে মুকাত্ত্বাআত' (বিচ্ছিন্ন অক্ষরমালা), যার অর্থ আল্লাহ ছাড়া অন্য কেউ অবগত নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3706

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন